

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.২৬.১৯.০১.২০১৫- ১৭৯৩

তারিখঃ ২৯-০৮-২০১৬


বিষয়ঃ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অফিস ও তাদের অধিনস্থ অধিদপ্তর/সংস্থাসমূহের নাগরিক সেবা সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রদান সংক্রান্ত।

সূত্রঃ এটুআই এর পত্র নং-০৩.৮০১.০০৮.০০.০০.০০৮.১৭-১৭৪৮, তারিখঃ ২৪-০৮-২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে জনগণের দোরগোড়ায় সেবা প্রদান নিশ্চিতকরণ এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অফিস ও তাদের অধিনস্থ অধিদপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রদত্ত বিভিন্ন নাগরিক সেবা প্রাপ্তির পদ্ধতির বিস্তারিত তথ্য জনগণের জন্য আরও সহজলভ্য করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের পক্ষ থেকে জাতীয় তথ্য বাতায়নের সেবাকুঞ্জ হালনাগাদ ও জাতীয় তথ্য বাতায়নের একটি কল সেন্টার চালুর উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত কল সেন্টারের শর্ট কোড ১০৪। মোবাইল/ফোন থেকে ১০৪ ডায়াল করে দেশের প্রত্যেক নাগরিক ঘরে বসেই সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাদের অধিনস্থ অধিদপ্তর/সংস্থাসমূহের বিভিন্ন প্রাপ্তির পদ্ধতির বিস্তারিত তথ্য জানতে পারবেন।

০২। এমতাবস্থায় উক্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রদত্ত বিভিন্ন নাগরিক সেবা প্রাপ্তির পদ্ধতির হালনাগাদ বিস্তারিত তথ্য ও সিটিজেন চার্টারের সফটকপি **আগামী ৩০ আগস্ট ২০১৬ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে ই-মেইলে (Programmer@mos.gov.bd এবং Smoliur@gmail.com)** প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


29.08.2016
(সৈয়দ মোহাম্মদ আলিউর রহমান)
প্রোগ্রামার
নৌপরিবহন মন্ত্রণালয়

বিতরণ (জ্যেষ্ঠতার অনুসারে নয়):

- ১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মবক/বাস্থবক/ পায়রা বন্দর কর্তৃপক্ষ/ জাতীয় নদীরক্ষা কমিশন।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

